গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান শিক্ষকের কার্যালয়
# বরিশাল জিলা স্কুল
(বিদ্যালয় কোড নম্বর: ১৭৫০, ইআইআইএন: ১০০৭৪২)
ডাকঘর: বরিশাল সদর-৮২০০, জেলা: বরিশাল, ফোন: +৮৮০২৪৭৮৮৬৪৪২৭
e-mail: barishalzillaschool1829@gmail.com, Website: bzsb.edu.bd

স্মারক নং- বরি.জেড.এস.১২৫.০২.০৮.১০৯৬৪১.১০০৭৪২.২০২৫.৯৬/২ তারিখ: ২৮-০৮-২০২৫ খ্রি.

## প্রকাশ্য নিলাম বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা প্রকৃত করাত কল মালিক, গাছ ক্রয়কারী ব্যবসায়ী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যথাযথ কর্তৃপক্ষের সিদ্ধান্ত ও অনুমতিক্রমে বরিশাল জিলা স্কুলের নিজস্ব জায়গায় অবস্থিত শিক্ষা প্রকৌশলের ০৬(ছয়) তলা একাডেমিক ভবনের নির্মাণ কাজের বিঘ্ন সৃষ্টিকারী, বিদ্যালয়ের শিক্ষার্থী, শিক্ষক-কর্মচারী, সীমানা প্রাচীর, ভবন, পরিবেশ এর জন্য ঝুঁকিপূর্ণ পুরাতন গাছ ও ঝড়ে পড়া ০১(এক)টি নিম, ০১(এক)টি তুলা, ০১(এক)টি অর্জুন, ০১(এক) টি ডেউয়া, ০১(এক) টি পউয়া, ০২(দুই)টি খেজুর, ০৫(পাঁচ)টি রাজকড়াই, ০২ (দুই)টি রেইনট্রি, ৪৭ (সাতচল্লিশ)টি মেহগনি এবং ০৪(চার)টি আম গাছসহ সর্বমোট ৬৫(পয়ষট্টি)টি গাছ আগামী ০৩-০৯-২০২৫ খ্রি. তারিখ বুধবার দিন সকাল ১০:০০ ঘটিকায় অত্র কার্যালয়ে প্রকাশ্যে নিলাম ডাকে বিক্রয় করা হবে। গাছগুলো ঝুঁকিপূর্ণ অবস্থায় আছে বিধায় গাছ কর্তনের ক্ষেত্রে সর্বোচ্চ সতর্কতা, অত্যাধুনিক সুরক্ষা সরঞ্জামাদি, অভিজ্ঞ কর্মীদের ব্যবহারে আগ্রহী প্রার্থীকে গাছগুলো সরোজমিনে পরিদর্শন পূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

## নিলাম ডাকের শর্তাবলী:

০১। আগামী ০৩-০৯-২০২৫ খ্রি. তারিখ নিলাম ডাক শুরু হওয়ার ১(এক) ঘন্টা পূর্বে আগ্রহী অংশগ্রহণকারী প্রত্যেক দরদাতা স্ব-শরীরে তথ্য ফরম সংগ্রহপূর্বক স্ব-হস্তে পূরণ করে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি ০১(এক) কপি সংযুক্ত করে জামানত বাবদ (ফেরতযোগ্য) ১০,০০০/-(দশ হাজার টাকা) জমা দিয়ে নাম নথিভুক্ত করে নিলাম ডাকে অংশগ্রহণ করতে পারবেন। সর্বোচ্চ মনোনীত ডাককারীকে ঐ দিনই কার্যাদেশ প্রদান করা হবে অন্যান্য ডাককারীদের জামানতের টাকা ডাক শেষে ফেরত প্রদান করা হবে।

০২। সভার সিদ্ধান্ত মোতাবেক কর্তনকৃত গাছের জায়গায় যে কয়টি গাছ কর্তন করা হবে তার ৫(পাঁচ) গুণ সংখ্যক পরিবেশবান্ধব, সৌন্দর্যবর্ধনকারী ও ঝুঁকিপূর্ণ নয় এরূপ প্রজাতির গাছ পরিকল্পিতভাবে রোপণ এবং রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বিধায় নিলাম উত্তীর্ণ ক্রেতাকে অবশ্যই **গাছগুলো গোড়াসহ অপসারণের পর জায়গাটি সমতল ও গাছ রোপনের উপযোগী করে দিতে হবে।**

০৩। নিলাম ডাকে উত্তীর্ণ ব্যক্তি ডাককৃত সমুদয় অর্থ, ১০% ভ্যাট ও ৫% আয়কর অতিরিক্ত হিসেবে একই দিনে **অনলাইন চালানের মাধ্যমে সরকারি সম্পত্তি বিক্রয় অর্থ, সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর জাতীয় রাজস্ব বোর্ড এর অনুকূলে রাষ্ট্রীয় কোষাগারে প্রধান শিক্ষক, বরিশাল জিলা স্কুল** এর পক্ষে জমা দিয়ে কার্যাদেশ সংগ্রহ করবেন। নিলাম কমিটি রাষ্ট্রীয় সম্পত্তি বিক্রয়লব্ধ অর্থ, সরকার নির্ধারিত ভ্যাট ও আয়কর জমা দেয়ার **চালান যাচাইপূর্বক** একই দিনে কার্যাদেশ প্রদান করবেন। অন্যথায় জামানতকৃত অর্থ বাজেয়াপ্ত করে সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে। চালানের টাকা সঠিকভাবে জমা দেয়ার জন্য অত্র কার্যালয় থেকে সহায়তা করা হবে।

০৪। কার্যাদেশ প্রাপ্তির ১৫ (পনেরো) দিনের মধ্যে কর্তৃপক্ষ কর্তৃক চিহ্নিত গাছগুলো বর্তমানে যে অবস্থায় আছে সে অবস্থা হতে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।

০৫। নিলাম বিক্রয়ের পর হতে বিক্রিত গাছের নিরাপত্তার দায়িত্ব ক্রেতার উপর বর্তাবে। বিক্রিত গাছ চুরি/খোয়া বা নষ্ট/ক্ষয়ক্ষতি হয়ে গেলে এর জন্য নিলামকারী কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

০৬। নিলামে উত্তীর্ণ ব্যক্তি বা তাহার প্রতিনিধিগণ স্কুলের স্থাবর-অস্থাবর কোন সম্পত্তির ক্ষতিসাধন কিংবা বিদ্যালয়ের মধ্যে অসামাজিক বা আইন-শৃংখলা পরিপন্থী কোন কাজ করতে পারবেন না। ক্রেতাগণ দ্বারা যদি বিদ্যালয়ের ক্ষয়-ক্ষতি হয় তাহলে তার ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকিবেন। ক্ষতিপূরণের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭। মূল্য উপযুক্ত বিবেচিত না হলে এবং অনিবার্য কোন কারণবশতঃ নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক বাতিল বা স্থগিত করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৮। এছাড়াও কোন নতুন পরিস্থিতির উদ্ভব হলে সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে সমাধান করা হবে।

**(অনিতা রানী হালদার)**
সদস্য সচিব
ঝড়ে পড়া বা পুরাতন গাছ কাটা ও নিলাম কমিটি
ও
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বরিশাল জিলা স্কুল, বরিশাল

স্মারক নং- বরি.জেড.এস.১২৫.০২.০৮.১০৯৬৪১.১০০৭৪২.২০২৫.৯৬/২ তারিখ: ২৮-০৮-২০২৫ খ্রি.

**বিতরণ সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. পুলিশ কমিশনার, বিএমপি;
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল;
৪. নির্বাহী প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, বরিশাল জোন, বরিশাল;
৫. বিভাগীয় বন কর্মকর্তা, সামাজিক বন বিভাগ, বরিশাল;
৬. উপজেলা নির্বাহী কর্মকর্তা, বরিশাল সদর, বরিশাল
৭. কাউন্সিলর, ১৬নং ওয়ার্ড, বিসিসি, বরিশাল;
৮. অফিস সংরক্ষণ নথি।

**(অনিতা রানী হালদার)**
সদস্য সচিব
ঝড়ে পড়া বা পুরাতন গাছ কাটা ও নিলাম কমিটি
ও
প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত)
বরিশাল জিলা স্কুল, বরিশাল